

কৃষি সম্বুদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ডবন

৪৯-৫১ দিলকুশা, ঢাকা

(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd



সহজীকৃত সেবার নাম	আগ্রামান বীজ সেবা কেন্দ্র
সেবা সহজীকরণের ঘোষিত ক্ষেত্র	আগ্রামান বীজ সেবা কেন্দ্রের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলে যেখানে বীজ ডিলার নেই বা বীজ বিক্রয়ের অনুমতি দিত কোন দোকান নেই সে সব অঞ্চলে চায়িদের মানসম্মত বীজ প্রাপ্তি নিশ্চিত কল্পে সেবাটি প্রদান করা হয়ে থাকে। এর ফলে চায়িরা উন্নত জাতের বীজ ঘরে বসে পেতে পারে। এ সেবার মাধ্যমে একই সাথে একই জায়গায় একই সময়ে চায়িদের বীজ সরবরাহ, বীজ সংক্রান্ত তথ্য, নতুন জাত সম্পর্কে ধারণা এবং সমস্যা সমাধানে পরামর্শ সেবা প্রদান করা হয়। একইসাথে বিএডিসি'র বীজ সম্পর্কে কৃষকের মতামত প্রেরণ এবং তা কর্তৃপক্ষের নিকট তা উপস্থাপন করা সম্ভব হয়। এ দ্বিতীয় যোগাযোগ প্রক্রিয়ার মাধ্যমে বিএডিসি'র বীজ সংক্রান্ত কৃষকের সমস্যা সমাধানের উদ্যোগ নেয়া যায় এবং সহজেই গৌসুমভিত্তিক বীজের চাহিদা নির্ধারণ করা যায়।
সেবা সহজীকরণের পূর্বের সমস্যা	বিএডিসি শুধুমাত্র বীজ ডিলারের মাধ্যমে বীজ বিক্রয় করে থাকে। সাধারণত প্রতি ইউনিয়নে একজন ডিলার থাকে। ফলে চায়িদের অনেক দূর হতে বীজ সংগ্রহ করতে হতো। তাছাড়া অনেক সময় অসাধু বীজ ব্যবসায়ির কারণে কৃষকগণ ভেজাল বীজ ক্রয় করে থাকেন। তাছাড়া কৃষককে অনেক সময় উচ্চমূল্য বীজ ক্রয় করতে হয়। কৃষককে বীজ ক্রয়ের জন্য দূরবর্তী বীজ ডিলারের কাছে একাধিকবার যাতায়াতের কারণে শুরু ও আর্থিক খরচ হয়। তাছাড়া একসূচী যোগাযোগের ফলে বিএডিসি'র বীজ সম্পর্কে কৃষকদের মতামত জানার সুযোগ কম ছিল।
সেবা সহজীকরণের ফলে প্রাপ্ত সুবিধা	আগ্রামান ট্রাকে বীজ বিক্রয়ের ফলে কৃষকগণ হাতের নাগালে মান সম্পর্ক বীজ পাচ্ছন। সরাসরি বিএডিসি'র কাছ থেকে ক্রয়ের ফলে কৃষকগণ ন্যায্য সুলো ভালো বীজ ক্রয় করতে পারছেন। এ সেবার ফলে বীজ ট্রাকের মাধ্যমে কৃষকের দোড়গোড়ায় থাকে যায় ফলে কৃষকের বীজ ডিলারের কাছে যাতায়াতের খরচ ও শুরু প্রয়োজন হচ্ছেন। তাছাড়া কৃষকগণ বিএডিসি'র নতুন জাত সম্পর্কে সরাসরি জানতে পারছেন। দ্বিতীয় প্রক্রিয়ার ফলে বীজ সংক্রান্ত কৃষকের সত্তামত প্রেরণ ও সমস্যার সমাধান প্রদান সহজ ও দ্রুততর হচ্ছে।

A handwritten signature in black ink, appearing to be a name, is placed in the bottom right corner of the page.